



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

www.btrc.gov.bd



উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য অফিস স্টেশনারী মালামাল (পণ্য) ক্রয়ের নিমিত্ত আগ্রহী ও অভিজ্ঞ সরবরাহকারী/বিক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তানুযায়ী নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

১.	মন্ত্রণালয়/বিভাগ	ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়।
২.	দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠান	বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)।
৩.	দরপত্রের বিবরণ	কমিশনের জন্য ৪৯ (উনপঞ্চাশ) প্রকারের অফিস স্টেশনারী মালামাল ক্রয় সংক্রান্ত।
৪.	দরপত্র বিজ্ঞপ্তির নং ও তারিখ	১৪.৩২.০০০০.৪০০.০৭.০১৩.২২.২৫৭৭, তারিখঃ ২৮.১১.২০২২ খ্রিঃ।
৫.	ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (Open Tendering Method)
৬.	বাজেট ও অর্থায়ন উৎস	জিওবি
৭.	দরপত্র বিক্রির সর্বশেষ তারিখ ও সময়	১১ ডিসেম্বর ২০২২ খ্রিঃ; বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত।
৮.	দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়	১২ ডিসেম্বর ২০২২ খ্রিঃ; দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত।
৯.	দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময়	১২ ডিসেম্বর ২০২২ খ্রিঃ; দুপুর ০১:৩০ ঘটিকায়।
১০.	দরপত্র দাখিলের স্থান	বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন প্রশাসন বিভাগ, আইইবি ভবন (৬ষ্ঠ তলা), রমনা, ঢাকা-১০০০।
১১.	দরপত্রদাতার সংক্ষিপ্ত যোগ্যতার ও উপযুক্ততা	দরদাতা প্রতিষ্ঠানের স্টেশনারী মালামাল সরবরাহ/বিক্রয় সংক্রান্ত কাজের ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং এরূপ সরকারি কাজের অভিজ্ঞতা সনদ দরপত্রের সাথে দাখিল করতে হবে।
১২.	পণ্যের সংক্ষিপ্ত বিবরণ	বিটিআরসি'র দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য সিডিউলে উল্লেখিত বিভিন্ন প্রকারের ৪৯ (উনপঞ্চাশ) প্রকারের অফিস স্টেশনারী মালামাল।
১৩.	দরপত্র দলিলের মূল্য (টাকা)	৫০০.০০ (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)।
১৪.	অন্যান্য শর্তাবলী	ক. দরপ্রস্তাব জমাদানের সময় দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর প্রত্যয়নপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ও অভিজ্ঞতার সনদপত্র জমা দিতে হবে। খ. দাখিলকৃত দরপ্রস্তাবের সাথে প্রস্তাবিত দরের ৫% টাকা দরপত্র জামানত হিসাবে বিটিআরসি'র অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে (ফেরতযোগ্য) জমা দিতে হবে। গ. দরপত্রের সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ মোতাবেক পরিচালিত হবে। ঘ. বিটিআরসি দরপত্র দলিলের শর্তাবলীর যে কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারে। ঙ. দরপত্র বিজ্ঞপ্তি বিটিআরসি'র ওয়েবসাইট www.btrc.gov.bd তে পাওয়া যাবে।
১৫.	কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বিটিআরসি সকল দরপত্র বা দরপত্র প্রক্রিয়া বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।	

আফতাব মোঃ রাশেদুল ওয়াদুদ
পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

ফোন : ০২-২২৩৩৫১৩৭৯

ই-মেইল: rwadud@btrc.gov.bd